গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৫.২০১৮-২৩২ তারিখঃ ১৫.০৭.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ দিপঙ্কর রায় (১৩০০৯৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ) পারিবারিক কারণে গত ১৬.০৫.২০১৭ খ্রিঃ হতে ১৪.০৬.২০১৭ খ্রিঃ পর্যন্ত অর্জিত ছুটিতে যান এবং অর্জিত ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ১৫.০৬.২০১৭ খ্রিঃ হতে ০১.১০.২০১৭ খ্রিঃ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' (সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন') এর দায়ে ১৯.০৪.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৫.২০১৮-১৪৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি পারিবারিক কারণে গত ১৬.০৫.২০১৭ হতে ১৪.০৬.২০১৭ পর্যন্ত অর্জিত ছুটি ভোগ করেন। কিন্তু তার স্ত্রীর অসুস্থতার জন্য তিনি যথাসময়ে কাজে যোগদান করতে পারেননি এবং ছুটি বর্ধিতকরণের জন্য কর্তৃপক্ষ বরাবর ১৪.০৬.২০১৭ তারিখে আবেদন করেন। পরবর্তীতে তার পারিবারিক সমস্যার সমাধান হওয়ায় ০২.১০.২০১৭ তারিখে কর্মস্থলে যোগদান করেন এবং অনুপস্থিতকালীন সময়ের জন্য ভূতাপেক্ষভাবে অর্জিত ছুটি মঞ্জুরের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর আবেদন করেন। পরবর্তীতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচআর-২ শাখার ২৭.০৩.২০১৮ তারিখের ৪৫.১৪৬.০০৩.০০.০০১.২০১৭-৪৮৬ নম্বর প্রজ্ঞাপনে ১৫.০৬.২০১৭ খ্রিঃ হতে ০১.১০.২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ১০৯ দিন ভূতাপেক্ষভাবে অর্জিত ছুটি মঞ্জুর করা হয়;

সেহেতু, সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ দিপঙ্কর রায় (১৩০০৯৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ)-কে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৫.২০১৮-২৩২/১(৯) তারিখঃ ১৫.০৭.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। তত্ত্বাবধায়, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ দিপঙ্কর রায় (১৩০০৯৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ।
(স্থায়ী ঠিকানা- বন্ধন-২৮৪, চিড়াকান্দি, (গোপীনাথপুর), হবিগঞ্জ)।

(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.৩১.০০.১০৮.২০১৭-২৬৩

তারিখঃ ০১ শ্রাবণ ,১৪২৫ বঙ্গাব্দ
১৬.০৭.২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মাহমুদুন্নবী (১২২৬৭০), সহকারী সার্জন, সাওরাইল ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালুখালী, রাজবাড়ী গত ০১/১০/২০১১ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০১.১০.২০১১ খ্রিঃ হতে তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মাহমুদুন্নবী (১২২৬৭০), সহকারী সার্জন, সাওরাইল ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালুখালী, রাজবাড়ীর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২.১০.২০১৬ খ্রিঃ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০১.১০.২০১১ খ্রিঃ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫০.০২৭.৩১.০০.১০৮.২০১৭-২৬৩/১(১০)

তারিখঃ ১৬.০৭.২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডাটা বেইসে সংরক্ষণ করার জন্য)।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য)।
৫। সিভিল সার্জন, রাজবাড়ী।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালুখালী, রাজবাড়ী।
৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালুখালী, রাজবাড়ী।
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মাহমুদুন্নবী (১২২৬৭০), সহকারী সার্জন, সাওরাইল ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালুখালী, রাজবাড়ী। (স্থায়ী ঠিকানাঃ ফ্ল্যাট ৮/এ, এলিফ্যান্টপার্ক, ১৩৫ এলিফ্যান্ট রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৭)।

(শামীমা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১৮-২৬৪ তারিখ- ১৬.০৭.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ শরীফ আহাম্মদ (১১৪৫০০), প্রাক্তন মেডিকেল অফিসার (এমওডিসি), সিভিল সার্জন অফিস, ভোলার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শরীফ আহাম্মদ (১১৪৫০০), প্রাক্তন মেডিকেল অফিসার (এমওডিসি), সিভিল সার্জন অফিস, ভোলা ২৯/১২/২০১৬ হতে ০২/০১/২০১৭ খ্রিঃ ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

ডাঃ শরীফ আহাম্মদ (১১৪৫০০)
প্রাক্তন মেডিকেল অফিসার (এমওডিসি)
সিভিল সার্জন অফিস, ভোলা
(স্থায়ী ঠিকানাঃ ৫/৫০/ক, জেল রোড আউটার স্টেডিয়াম, ময়মনসিংহ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১৮-২৬৪/১(৫) তারিখ- ১৬.০৭.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, ভোলা।
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ শরীফ আহাম্মদ (১১৪৫০০), প্রাক্তন মেডিকেল অফিসার (এমওডিসি), সিভিল সার্জন অফিস, ভোলা ২৯/১২/২০১৬ হতে ০২/০১/২০১৭ খ্রিঃ ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭- ২৩৪ | তারিখঃ ১৬.০৭.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মঞ্জুর আল মুর্শেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইএমও, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনী) গত ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৮.০৯.২০১৬ খ্রিঃ পর্যন্ত এবং পরবর্তীতে ১২.১২.২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' (সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন') এর দায়ে ০৮.০৬.২০১৭ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-১০২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন। তাঁর বিভাগীয় মামলার জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য যুক্তিযুক্ত ও গ্রহণযোগ্য বিবেচিত হল না বিধায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মঞ্জুর আল মুর্শেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইএমও, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিসের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি চাকরির নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হলো এবং তাঁকে কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা হতে তার পূর্ববর্তী কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনীতে বদলি/পদায়নের পর যোগদান করা সাপেক্ষে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৮.০৯.২০১৬ খ্রিঃ পর্যন্ত এবং ১২.১২.২০১৬ খ্রিঃ হতে ২২.০৯.২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-২৩৫/১(১২) | তারিখঃ ১৬.০৭.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট কর্মকর্তাকে কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনীতে বদলি/পদায়ন করে যোগদানের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো)।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিভিল সার্জন, ফেনী
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনী।
৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলগাজী,ফেনী।
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ডাঃ মঞ্জুর আল মুর্শেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইএমও, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
(স্থায়ী ঠিকানাঃ পিতা- মৃত আব্দুর রহিম চৌধুরী, চৌধুরী বাড়ী, বন্ধুয়া দৌলতপুর, আনন্দপুর, ফুলগাজী, ফেনী)

১৬/০৭/২০১৮
(শামীমা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৬